যুগান্তর

তারিখ ... 25 APR 2017 ...
পৃ. 7 ... কলাম 2 ...

বারডেম নার্সিং কলেজে
যৌন হয়রানি

# অধ্যক্ষের সহকারীকে খুঁজছে পুলিশ

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর বারডেম নার্সিং কলেজের অধ্যক্ষের ব্যক্তিগত সহকারীর বিরুদ্ধে একই প্রতিষ্ঠানের এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে মামলা হয়েছে। মামলার পর অধ্যক্ষের ব্যক্তিগত সহকারী জহিরুল ইসলামকে খুঁজছে পুলিশ। এদিকে এ ঘটনা পুলিশকে জানানোর কারণে ভুক্তভোগী ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এ বিষয়ে অধ্যক্ষ ইরা দিব্রার সঙ্গে কথা বলার চেষ্টা করেও তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। মোবাইল ফোনে ম্যাসেজ পাঠিয়েও কোনো সাড়া পাওয়া যায়নি।

রমনা থানার এসআই বিজয় প্রসাদ দেবনাথ যুগান্তরকে বলেন, বারডেম নার্সিং কলেজের শিক্ষার্থী যৌন হয়রানির যে অভিযোগ করেছেন তার প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। আসামি জহিরুলকে গ্রেফতারের চেষ্টা চলছে।

এ ঘটনায় জড়িত ব্যক্তির বিচারের দাবিতে কলেজের অর্ধশত শিক্ষার্থী অধ্যক্ষের কাছে অভিযোগ দাখিল করেছেন। তাৎক্ষণিকভাবে অভিযুক্ত পিএ'কে প্রত্যাহার করে নিয়েছে কর্তৃপক্ষ। এদিকে থানায় অভিযোগ করায় হয়রানির শিকার মেয়েটিকে রোববার বহিষ্কার করে কলেজ কর্তৃপক্ষ।

ভুক্তভোগী মেয়েটি জানান, চলতি মাসের ১০ তারিখে আনুমানিক ১টা ১৫ মিনিটের দিকে বারডেম নার্সিং কলেজের ১৬ তলার ১৬০৭ নম্বর কক্ষে অধ্যক্ষের ব্যক্তিগত সহকারী (পিএ) জহিরুল ইসলাম তাকে কুপ্রস্তাব দেয়। রাজি না হওয়ায় জহিরুল তাকে জড়িয়ে ধরে। এ সময় এ ছাত্রীকে পরীক্ষায় ফেল করিয়ে দেয়া ও বারডেম নার্সিং কলেজে লেখাপড়া করতে না দেয়ার হুমকি দেয় সে।